তারাদের কথা
উত্তরবঙ্গ সংবাদ ১৩ জানুয়ারি ২০১৮ সাত

মিঠুন–নাসির একসঙ্গে

প্রায় ২৫ বছর পর মিঠুন এবং নাসিরুদ্দিন জুটি বড়োপর্দায়। উপলক্ষ্য প্রাক্তন প্রধানমন্ত্রী লালবাহাদুর শাস্ত্রীর বায়োপিক, 'দ্য তাসকেন্ট ফাইল'। পরিচালক অপূর্ব অগ্নিহোত্রী। ছবির মূল বিষয় শাস্ত্রীজির রহস্যময় মৃত্যু

বিয়ের ফাঁদে

বলিউডে এখন প্রজাপতি ফুড়ুৎ ফুড়ুৎ। বিয়ের সানাইতে কান ঝালাপালা হওয়ার জোগাড়। লাইন লাগিয়ে সলমন–লুলিয়া, রণবীর–দীপিকা, বরুণ–নাতাশা...! ২০১৮ বাঁধবে কাদের?

সলমন খান–লুলিয়া ভান্তুর

সংগীতা বিজলানি থেকে লুলিয়া ভান্তুর––সলমন খানের প্রেমিকার সংখ্যা বড্ড লম্বা। প্রায় প্রত্যেকের সঙ্গে এখনও ভালো সম্পর্ক ভাইজানের। কিন্তু আজ পর্যন্ত কারোর সঙ্গে পোক্ত বাঁধনে বাঁধা পড়েননি। প্রত্যেক প্রেমপর্বেই ভক্তরা আকুল আগ্রহে অপেক্ষা করেছে, বিয়ের খবর শুনবে বলে। আপাতত সল্লুর ছায়াসঙ্গিনী রোমানীয় মডেল–অভিনেত্রী লুলিয়া ভান্তুর। পারিবারিক অনুষ্ঠানেও থাকছেন। প্রয়োজনে সলমনের কাজের জায়গাতেও থাকছেন। ২০১৮ কি বাঁধবে দু–জনকে?

বরুণ ধাওয়ান–নাতাশা দালাল

অনস্ক্রিনে আলিয়া ভাট যতই বরুণের 'দুলহনিয়া' হোন, বাস্তবের ছবিটা কিন্তু একদম আলাদা। নায়ক হওয়ার আগে থেকেই বরুণের অফস্ক্রিন 'দুলহনিয়া' নাতাশা দালাল। বেশ কিছু বছর ধরে দুজনে রিলেশনশিপে রয়েছেন। দীর্ঘদিন সেসব অস্বীকারের পর বরুণ ধাওয়ান সম্প্রতি স্বীকার করেছেন তাঁদের সম্পর্কের কথা। এক বন্ধুর বিয়ের পার্টিতে একসঙ্গে দেখা গিয়েছে দুজনকে। ফলে, হাওয়ায় খবর ভাসছে এবছর নাকি গাঁটছড়া বাঁধবেন বলে ঠিক করেছেন বরুণ–নাতাশা।

সোনম কাপুর–আনন্দ আহুজা

বাতাসে অনেকদিন ধরেই খবর ভাসছিল দিল্লির আনন্দ আহুজার সঙ্গে নাকি ডেটিং করছেন সোনম কাপুর। নায়িকা যদিও এই গুঞ্জন বরাবর অস্বীকার করেছেন। যদিও কোনো না কোনোভাবে দুজনকে একাধিকবার একসঙ্গে দেখা গিয়েছে। একসঙ্গে ছুটিও কাটিয়েছেন তাঁরা। হালের খবর, দুজনে নাকি কলকাতায় এসেছিলেন বিয়ের গয়না কেনার জন্য। এবছরেই তাহলে সিঙ্গল থেকে মিঙ্গল হচ্ছেন সোনম?

রাজকুমার রাও–পত্রলেখা

একদিনের জন্যেও সম্পর্ক নিয়ে লুকোছাপা করেননি এই দুই তারকা। গত দুবছর ধরে স্টেডি রিলেশনশিপে রয়েছেন। সবার সামনে দিয়ে স্বচ্ছন্দে একসঙ্গে ঘুরেছেন। শুধু তাই নয়, বিয়েতেও পিছপা নন রাজকুমার। এখুনি বললে এখুনি বিয়ের পিঁড়িতে বসে পড়বেন। কিন্তু পত্রলেখা রাজি নন। তাঁর ইচ্ছে, কেরিয়ারের পিক আওয়ারে বিয়ে করার সিদ্ধান্ত বোধহয় ঠিক নয়। আপাতত কাজে মন দেওয়াই বুদ্ধিমানের কাজ।

করিশ্মা কাপুর–সন্দীপ তোসনিওয়াল



ডিভোর্সের সঙ্গে সঙ্গেই প্রাক্তন হাবি সঞ্জয় কাপুর বান্ধবীকে বিয়ে করেছেন। করিশ্মা অপেক্ষায় ছিলেন বয়ফ্রেন্ড সন্দীপ তোশনিওয়ালের ডিভোর্সের জন্য। ২০১৬–য় প্রাক্তন স্ত্রী আশ্রিতার থেকে আইনি ভাবে মুক্ত হয়েছেন সন্দীপ। লোলোর বাবা রণধীর কাপুরও মেয়ের বিয়েতে মত দিয়েছেন। এবার চার হাত এক হলেই সুখী গৃহকোণের ছবি তৈরি।

রণবীর সিংহ–দীপিকা পাড়ুকোন

দুজনেই দুজনকে অনেকদিন ধরে চেনেন। প্রত্যেকটা বিশেষ দিন, বিশেষ মুহূর্ত একসঙ্গে উদ্‌যাপন করেছেন। দুজনেই একে অন্যের পরিবারের সদস্যদের সঙ্গে পরিচয় পর্ব সেরে নিয়েছেন। রণবীর সিংহের মায়ের খুব পছন্দ 'পদ্মাবতী' দীপিকাকে। দীপিকার বাবা টেনিস কিংবদন্তি প্রকাশ পাড়ুকোনের সঙ্গে রণবীর দেখা করে এসেছেন সম্প্রতি। বাকি শুধু সাতপাক। এই বছরে সেটা ঘটলে অনুষ্কা শর্মার মতো দীপিকাও নাকি ডিজাইনার সব্যসাচী মুখোপাধ্যায়ের পোশাক পরে বিয়ে করবেন।

টাইগার শ্রফ–দিশা পাটানি

গত কয়েক বছর ধরে টাইগার শ্রফ–দিশা পাটানি রিলেশনে রয়েছেন। একসঙ্গে অনুষ্ঠানে যাচ্ছেন। ছুটি কাটাচ্ছেন। যদিও দুজনের মুখেই এক রা, 'আমরা খুব ভালো বন্ধু'। ভক্তদের কাছেই এই কাপল 'হিট অ্যান্ড হট'। ভক্তদের মনোবাঞ্ছা পূরণ করতে এবং যেটুকু ব্যবধান রয়েছে সেটুকু কাটাতে এই বিয়েটা খুব দরকার। টাইগার–দিশা, আপনারা রাজি তো?

বলিউd বোলচাল

জোয়ার ছবিতে কালকি?

জোয়া আখতারের 'গুল্লি বয়' ছবি নিয়ে ধীরে ধীরে আগ্রহ তৈরি হচ্ছে দর্শকদের মধ্যে। এই ছবিতে নায়ক হিসাবে দেখা যাবে রণবীর সিংকে। তাঁর বিপরীতে আছেন আলিয়া ভাট। খবর, আরও এক নায়িকাকে দেখা যাবে রণবীরের পাশে। সব ঠিক থাকলে এই ছবিতে কালকি কোয়েচলিনের এন্ট্রি প্রায় পাকা। এর আগে জোয়ার 'জিন্দেগি না মিলেগি দোবারা'য় একটি গুরুত্বপূর্ণ চরিত্রে দেখা গেছে কালকিকে।

সঞ্জুর পার্টি

হইহই করে শেষ হল সঞ্জয় দত্ত অভিনীত 'সাহেব বিবি অউর গ্যাংস্টার ৩'–র শুটিং। এই আয়োজনের হোতা অবশ্যই সঞ্জুবাবা। তাঁর পালি হিলের বাড়িতেই হয় জমজমাট পার্টি । চলে দেদার নাচা–গানা–খানা–পিনা। ছিলেন ছবির দুই প্রযোজক রাজু চাড্ডা এবং রাহুল মিত্র। জাতীয় পুরস্কারজয়ী তিগমাংশু ধুলিয়া বানাচ্ছেন ছবিটি। সঞ্জু ছাড়াও ছবিতে দেখা যাবে জিমি শেরগিল, চিত্রাঙ্গদা সিংকে। গত সেপ্টেম্বরে রাজস্থানে শুরু হয়েছিল 'সাহেব বিবি অউর গ্যাংস্টার' সিরিজের তৃতীয় ছবির শুটিং।

কঙ্গনার বাড়ি

কঙ্গনা রানাওয়াত চলেন নিজের মর্জিমাফিক। হৃতিকের সঙ্গে তাঁর কাদা ছোঁড়াছুঁড়ি তো মিডিয়ার হট টপিক। করণ জোহরের বিরুদ্ধে স্বজনপোষনের অভিযোগের পাশাপাশি সম্প্রতি বলেছেন, করণ শো–এর অতিথিদের মধ্যে বিষ ছড়ায়। এরমধ্যে সোশাল মিডিয়ায় ছড়িয়ে পড়েছে মানালিতে কঙ্গনার চোখধাঁধানো নতুন বাড়ির ছবি। খবর, ডিজাইনার শবনম গুপ্ত ৩০ কোটি টাকায় তৈরি করেছেন 'রানি'র বাড়ি! আট বেড়রুমের প্রত্যেকটি ঘর থেকেই দেখা যাবে হিমালয় পর্বতমালা।

নজরে ৫

১৫ কোটিতেও না

ফেয়ারনেস ক্রিমের এন্ডর্সমেন্টের প্রস্তাব ফেরালেন সুশান্ত সিং রাজপুত। বিনিময়ে পেতেন ১৫ কোটি টাকা! সূত্রের খবর, সুশান্ত এইসব ক্রিমের প্রচারে বিশ্বাস করেন না। কারণ প্রোডাক্টে খুঁত থাকলে লোকে তাঁকেই দোষ দেবে।

শ্রদ্ধার বদলে ইসাবেল কইফ

ইনি ক্যাটরিনার বোন। জানা যাচ্ছে, শ্রদ্ধা কাপুরকে সরিয়ে একটি আই মেক আপের এন্ডর্সমেন্টের দায়িত্ব নিচ্ছেন। ইসাবেল ইতিমধ্যে একটি কানাডিয়ান ছবিতে অভিনয় করেছেন। এখন বলিউডে নজর দিয়েছেন।

শাহরুখের সম্মান

সুইটজারল্যান্ডের ডাভোসে ওয়ার্ল্ড ইকনমিক ফোরামের বার্ষিক সম্মেলনে শাহরুখ খান ক্রিস্টাল অ্যাওয়ার্ডে সম্মানিত হবেন। ভারতে শিশু ও মহিলাদের অধিকার রক্ষায় তাঁর নেতৃত্বদানকে স্বীকৃতি দেবার জন্যই এই পুরস্কার দেওয়া হচ্ছে তাঁকে।

সুহানা খানের 'রান্না'

পড়াশোনা শেষ করে তবেই যেন মেয়ে বলিউডে আসে–––কন্যা সুহানাকে স্পষ্ট নির্দেশ বাবা শাহরুখের। সুহানাও সেটা মেনে এখন লন্ডনে পড়াশোনায় মন দিয়েছে। কিন্তু তার সঙ্গে সুহানা রান্নাও শিখছেন! তিনি নিজেই রন্ধনরত সুহানার একটি ছবিও পোস্ট করেছেন।

পর্ণস্টারের সঙ্গে রামগোপাল

সানি লিওনির পর মিয়া মলকোভা! রামগোপাল বর্মা মিয়াকে নিয়ে ইউরোপে একটি ভিডিয়ো ফিলম শুট করেছেন নাম গড, সেক্স অ্যান্ড ট্রুথ। মিয়া নিজেই টুইট করে এ কথা জানিয়েছেন। ছবির ট্রেলার বেরোবে ১৬ জানুয়ারি।

প্যাডম্যান সিনেমায় সমাজচেতনা

একটু অন্যরকম বিষয় নিয়ে ভাবতে ভালোবাসেন তিনি। সেসবের প্রয়োগও হয় সেভাবে। কখনো পা, বা শমিতাভ বা কী অ্যান্ড কা, চারপাশে ঠিক এরকম চরিত্রগুলো সহজলভ্য নয় অথচ এরা আছে। চিত্র পরিচালক আর বালকি এদের কথাই বলেন। কিন্তু পছন্দের তালিকায় কখনো বায়োপিক ছিল না। নিয়ম ভাঙল 'প্যাডম্যান'–এর সময়। বিষয়, টার্গেট অডিয়েন্স, গল্পের গতি তাঁকে নিজস্ব ভাবনা থেকে বেরিয়ে আসতে বাধ্য করে। 'আমি কোনোদিন বায়োপিক বানাতে চাইনি। কিন্তু 'প্যাডম্যান'–এর সাবজেক্ট অসাধারণ। মেয়েদের ঋতু, তাকে ঘিরে হাজারো নিয়ম, প্রথা, লজ্জা, বারণ এবং শেষপর্যন্ত এমন একটা অবস্থা হয়ে যায় যে স্বাস্থ্য সামনে এসে দাঁড়ালেও মানুষ সমস্যাটা বোঝে না। তারা তাদের নিজেদের ভাবনায় বুঁদ। অনেকে তো মারাও গেছে। তখন অরুণাচলম মুরুগানানথম অত দিন আগে যেভাবে এই স্বাস্থ্যের কথা ভেবে স্যানিটারি ন্যাপকিন তৈরি করে কম টাকায় মেয়েদের মধ্যে ছড়িয়ে দেবার যে মহান কাজ করেছিলেন, তা অভাবনীয়। তাঁরই কথা সবাইকে জানানোর কাজটাই আমাকে যখন করতে বলা হল আমি না করতে পারলাম না।' বালকি বলেছেন।

ইতিমধ্যেই শোরগোল ফেলা 'প্যাডম্যান'–এ অভিনয়ে আছেন অক্ষয় কুমার, রাধিকা আপ্টে প্রমুখ। ছবি রিলিজ করবে ২৫ জানুয়ারি।



বায়োপিকে হীরালাল সেন

সবাই দাদাসাহেব ফালকে–কেই ভারতীয় সিনেমার জনক বলে মানেন। ১৯১৩–এ তাঁর তৈরি 'রাজা হরিশচন্দ্র' দেশের প্রথম নির্বাক ছবি। অনেকেই হয়তো জানেন না, ওই বছরেই এক বাঙালি নিঃশব্দে আর একটি ছবি বানিয়েছিলেন। দুর্ভাগ্য, ১৯১৭–য় সেই ছবি আগুনে পুড়ে সম্পূর্ণ নষ্ট হয়ে যায়। ফলে, ওই পরিচালকের উপর সেই সময় প্রচারের কোনো আলো এসে পড়েনি। তিনি হীরালাল সেন। অনেক বিজ্ঞাপনী ছবিও বানিয়েছিলেন তিনি । এবং তাঁর তৈরি ছবিটি সম্ভবত দেশের প্রথম রাজনৈতিক ছবি। ইতিহাস বলছে, সম্ভবত ভারতীয় ছবির জনক তিনিই। 'চোলাই'–এর পরিচালক অরুণ রায় সেই কিংবদন্তি পরিচালকের জীবনী এই প্রথম ক্যামেরায় ধরছেন।

১৮৬৬–তে জমিদার বাড়িতে জন্ম হীরালাল সেনের। যদিও তাঁর সবকিছুই কলকাতাতে। তাঁর সম্বন্ধে এমনটাই বলা হয়, ১৯১৩–র মধ্যে তিনি নাকি ৪০টি ছবি বানিয়েছিলেন। এবং তিনিই দেশভাগ এবং ১৯০৫–এ টাউন হলে স্বদেশি আন্দোলনের গল্প পর্দায় প্রথম তুলে ধরার সাহস দেখিয়েছিলেন। অর্জুন জানিয়েছেন, অনেক রিসার্চ ওয়ার্কের পর হীরালাল সেনকে নিয়ে ছবি বানানোর কাজে হাত দিয়েছেন। ইতিমধ্যেই শুট শুরু হয়ে গিয়েছে। কেন্দ্রীয় ছবিতে সম্ভবত দেখা যাবে শাশ্বত চট্টোপাধ্যায়কে। এছাড়াও দেখা যাবে খরাজ মুখোপাধ্যায়, শংকর চক্রবর্তীকে।

যুদ্ধে দুই 'রানি'

ঝাঁসির রানি লক্ষ্মীবাঈ। দুই পরিচালকের হাতে পড়ে খানখান হয়ে চলতি বছরেই মুখোমুখি যুদ্ধে নামছেন

আসলে তাঁরা একজনই। ঝাঁসির রানি লক্ষ্মীবাঈ। দুই পরিচালকের হাতে পড়ে খানখান হয়ে চলতি বছরেই মুখোমুখি যুদ্ধে নামছেন। পয়লা নম্বর লক্ষ্মীবাঈ বিতর্কিত নায়িকা কঙ্গনা রানাওয়াতের সৌজন্যে বহু খ্যাত 'মণিকর্ণিকা'য়। দ্বিতীয় রানি তুলনায় অপরিচিত। স্বাতী ভিস–এর পরিচালনায় এই রানিকে দেখা যাবে ইন্দো–ব্রিটিশ ফিল্ম 'সোর্ডস অ্যান্ড স্কেপট্রেস'–এ।

গত বছরের অক্টোবরে দ্বিতীয় ছবির শুট শুরু হয়েছে। ছবির কাজ প্রায় শেষের পথে। এই পর্যন্ত কোথাও যুদ্ধের চিহ্ন নেই। যুদ্ধ লাগবে রিলিজের সময়। খবর, চলতি বছরের মার্চের শেষে সম্ভবত মুক্তি পাবে দ্বিতীয় রানি। তারপরেই এপ্রিলের গোড়ায় 'মণিকর্ণিকা'। যদিও শোনা যাচ্ছে কঙ্গনার ছবি নাকি পিছিয়ে মুক্তি পেতে পারে আগামী জুনে। সত্যিই যদি এমনটা ঘটে মানতে হবে, দুই রানির যুদ্ধ আটকে দিলেন আরেক 'ক্যুইন'!

টিম 'তারাদের কথা' উপালি মুখোপাধ্যায়, শবরী চক্রবর্তী, অংশুমান চক্রবর্তী, সায়ন্তী মণ্ডল, রমাপদ পাহাড়ি